**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 16–08–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক নির্দেশ দিয়েছে যে চিকিৎসকদের বিরুদ্ধে সহিংসতার ক্ষেত্রে সর্বোচ্চ ছয় ঘন্টার মধ্যে প্রতিষ্ঠানের প্রধানকে এফআইআর দায়ের করতে হবে ।**

**(২) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ছাত্রছাত্রীদের ডিগ্রী অর্জনের পাশাপাশি একটি নির্দিষ্ট লক্ষ্য নিয়ে এগিয়ে যাবার পরামর্শ দিয়েছেন ।**

**(৩) দেশ আজ প্রাক্তন প্রধানমন্ত্রী ভারতরত্ন অটল বিহারী বাজপেয়ীকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছে ।**

**(৪) রাজ্যের নতুন লোকায়ুক্ত হিসেবে আজ শপথ নেন ড. বিভাস কান্তি কিলিকদার ।**

***********************************************

**Health Ministry :**

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক নির্দেশ দিয়েছে যে চিকিৎসকদের বিরুদ্ধে সহিংসতার ক্ষেত্রে সর্বোচ্চ ছয় ঘন্টার মধ্যে প্রতিষ্ঠানের প্রধানকে একটি প্রাতিষ্ঠানিক এফআইআর দায়ের করতে হবে। স্বাস্থ্য পরিষেবার মহানির্দেশক অতুল গোয়েল এই বিষয়ে কেন্দ্রীয়

সরকারি হাসপাতাল ও মেডিক্যাল কলেজের প্রধানদের কাছে চিঠি পাঠিয়েছেন। সম্প্রতি কলকাতায় এক চিকিৎসককে হত্যার ঘটনা এবং বিষয়টি নিয়ে আবাসিক চিকিৎসকদের বিক্ষোভের পরিপ্রেক্ষিতে এই নির্দেশ দেয়া হয়েছে। চিঠিতে তিনি বলেন, সম্প্রতি সরকারি হাসপাতালে চিকিৎসক ও অন্যান্য স্বাস্থ্যসেবা কর্মীদের বিরুদ্ধে প্রায়শই সহিংসতা দেখা যাচ্ছে। কিছু স্বাস্থ্যকর্মী দায়িত্ব পালনকালে শারীরিক নির্যাতনের শিকারও হন বলে উল্লেখ করা হয়েছে।

*******************************

**IMA :**

পশ্চিমবঙ্গে আর জি কর হাসপাতালে চিকিৎসক ছাত্রীকে নৃশংসভাবে ধর্ষণ এবং খুন সহ ১৫ই আগস্ট হাসপাতালে আন্দোলনরত চিকিৎসক ছাত্রছাত্রীদের উপর হামলার ঘটনার প্রতিবাদে আগামীকাল দেশব্যাপী ২৪ ঘন্টার কর্মবিরতির ডাক দিয়েছে ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন বা আই এম এ। আগামীকাল সকাল ছয়টা থেকে রবিবার সকাল ছয়টা পর্যন্ত সারা দেশে চিকিৎসকরা কর্মবিরতি পালন করবেন।

ইন্ডিয়ান মেডিকেল এসোসিয়েশনের ত্রিপুরা শাখার সভাপতি ডা. সঞ্জীব দেববর্মা জানিয়েছেন, আগামীকাল রাজ্যেও চিকিৎসকরা কর্মবিরতি পালন করবেন। তবে, সমস্ত জরুরী চিকিৎসা পরিষেবা চালু থাকবে। রোগীদের চিকিৎসা পরিষেবা দেওয়ার ক্ষেত্রে কিছু বিশেষ পদক্ষেপ নেওয়া হবে। তিনি জানান, রোগীদের স্বার্থে ইমার্জেন্সি বিভাগে চিকিৎসকরা রোগী দেখবেন। কেমোথেরাপি এবং ডায়ালাইসিস পরিষেবা স্বাভাবিক থাকবে।

হাসপাতালগুলিতে জরুরী ছাড়া অন্য কোনো ধরণের অস্ত্রোপচার বন্ধ থাকবে। তিনি জানান, ইন্ডিয়ান মেডিকেল এসোসিয়েশনের এই সিদ্ধান্ত জিবিপি এবং আইজিএম হাসপাতাল সহ রাজ্যের সমস্ত জেলা, মহকুমা হাসপাতাল, প্রাথমিক ও সামাজিক স্বাস্থ্যকেন্দ্র, বেসরকারি হাসপাতাল ও নার্সিং হোমগুলিতেও কার্যকর হবে। চিকিৎসকদের ব্যক্তিগত চেম্বারগুলোও আগামীকাল বন্ধ রাখার জন্য ইন্ডিয়ান মেডিকেল এসোসিয়েশন থেকে অনুরোধ জানানো হয়েছে।

*****************************

**RG Kar-Protest :**

আর জি কর হাসপাতালের ঘটনার প্রতিবাদে আজ সন্ধ্যায় ডক্টর সেল ত্রিপুরা প্রদেশের উদ্যোগে আগরতলা রবীন্দ্র শতবার্ষিকী ভবনের সামনে মৌন প্রতিবাদ সংগঠিত করা হয়। বুকে কালো ব্যাচ, হাতে প্ল্যাকার্ড ও মোমবাতি জ্বালিয়ে এই প্রতিবাদ কর্মসূচি পালন করেন চিকিৎসকরা। ডক্টর সেল ত্রিপুরা প্রদেশের আহ্বায়ক ডা: সুশান্ত রায় জানিয়েছেন এই প্রতিবাদ কর্মসূচিতে শামিল হয়েছেন আয়ুর্বেদিক, হোমিওপ্যাথিক, এলোপ্যাথিক চিকিৎসক ও নার্সরা।

****************************

**Agitation :**

আরজিকর হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক ধর্ষন এবং খুনের ঘটনার প্রতিবাদে আজ উত্তর জেলার চিকিৎসক এবং চিকিৎসা কর্মীরা এক ঘন্টার গন অবস্থান পালন করেন। আই এম এ এবং এটিজিডিএর উত্তর জেলা কমিটির ডাকে আজ দুপুর সাড়ে

এগারোটা থেকে সাড়ে বারোটা পর্যন্ত উত্তর জেলা হাসপাতালের ট্রমা সেন্টারের সামনে এই অবস্থান কর্মসূচি পালিত হয়। উত্তর জেলার এটিজিডিএ-র সম্পাদক চিকিৎসক আশীষ দাস কানুনগো জানিয়েছেন, সমস্ত পরিষেবা স্বাভাবিক রেখেই এই শান্তিপূর্ণ কর্মসূচীতে কর্মীরা অংশ গ্রহণ করেন।

***************************

**Governor-Khowai :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ তেলিয়ামুড়া মহকুমার হদ্রাইস্থিত 'হরি রাধা বিদ্যা মন্দিরে' ছাত্রছাত্রী এবং অভিভাবকদের নিয়ে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে যোগ দেন। অনুষ্ঠানে ত্রিপুরা বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী সাহা রায়, খোয়াই জেলার জেলাশাসক চাঁন্দনী চন্দ্রন, জেলা পুলিশ সুপার রমেশ কুমার যাদব সহ অন্যান্য বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন। রাজ্যপাল তাঁর বক্তব্যে ছাত্রছাত্রীদের ডিগ্রী অর্জনের পাশাপাশি একটি নির্দিষ্ট লক্ষ্য নিয়ে এগিয়ে যাবার পরামর্শ দেন।

****************************

**Atal Bihari Vajpayee :**

প্রাক্তন প্রধানমন্ত্রী ভারতরত্ন অটল বিহারী বাজপেয়ীর আজ মৃত্যুদিন। এ উপলক্ষে নতুনদিল্লিতে সদৈব অটলে অটল বিহারী বাজপেয়ীর সমাধিতে একটি প্রার্থনা সভার আয়োজন করা হয়।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সকালে সদৈব অটলে প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর প্রতি ফুল দিয়ে শ্রদ্ধা

জানিয়েছেন। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান, হরিবংশ এবং লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা সহ অন্যান্য বিশিষ্ট নেতারাও তাঁকে শ্রদ্ধা জানিয়েছেন।

পরে, সামাজিক মাধ্যমে, প্রধানমন্ত্রী বলেন যে অটল বিহারী বাজপেয়ীকে জাতি গঠনে তাঁর অতুলনীয় অবদানের জন্য স্মরণ করা হয়। নাগরিক যাতে উন্নত মানের জীবনযাপন করতে পারে তা নিশ্চিত করার জন্য তিনি প্রাক্তন প্রধানমন্ত্রীর নিষ্ঠার কথাও তুলে ধরেন।

*******************************

**Independance Day-North :**

উত্তর জেলা সদর ধর্মনগরেও গতকাল যথাযোগ্য মর্যাদায় স্বাধীনতা দিবস উদযাপন করা হয়। জেলার মূল অনুষ্ঠানটি হয় ধর্মনগরের বীরবিক্রম ইন্সটিটিউশন মাঠে। সেখানে জাতীয় পতাকা উত্তোলন করেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের এডভোকেট জেনারেল সিদ্ধার্থ শংকর দে, জেলাশাসক দেবপ্রিয় বর্ধন প্রমূখ।

*****************************

**Oath Taking :**

রাজ্যের নতুন লোকায়ুক্ত হিসেবে আজ শপথ নেন ড. বিভাস কান্তি কিলিকদার। রাজভবনের দরবার হলে তাঁকে শপথ বাক্য পাঠ করান রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন,

নবনিযুক্ত লোকায়ুক্ত পরিবারের সদস্য সদস্যাগণ সহ বিভিন্ন দপ্তরের সচিব ও অধিকর্তাগণ।

*************************

**ISRO :**

ভারতীয় মহাকাশ গবেষনা সংস্থা, ইসরো আজ সকালে ভূ-পর্যবেক্ষণ উপগ্রহ-এসএসএলভি-ডি৩/ইওএস-০৮ সফলভাবে উৎক্ষেপণ। সকাল ৯টা ১৭ মিনিটে অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান স্পেস সেন্টার থেকে এসএসএলভি এই উপগ্রহ নিয়ে মহাকাশে পাড়ি দেয়।

ইসরোর চেয়ারম্যান এস সোমনাথ বলেছেন, "এসএসএলভি-ডি৩/ইওএস-০৮-এর তৃতীয় উৎক্ষেপণ সফলভাবে সম্পন্ন হয়েছে। রকেটটি মহাকাশযানকে পরিকল্পনা অনুযায়ী অত্যন্ত সুনির্দিষ্ট কক্ষপথে স্থাপন করেছে।

**প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজকের এই উৎক্ষেপন সফল হওয়ায় ইসরোকে অভিনন্দন জানিয়েছেন। তিনি বলেন, ব্যয় সাশ্রয়কারী এসএসএলভি মহাকাশ মিশনে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং বেসরকারী শিল্পোৎপাদন ক্ষেত্রকে উৎসাহিত করবে।**

****************************************

**Atal Bihari Death Anniversary-BJP :**

প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর প্রয়াণ দিবসে আজ প্রদেশ বিজেপি কার্যালয়ে শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করা

হয়। উপস্থিত ছিলেন বিজেপি প্রদেশ রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, সহ সভাপতি তাপস ভট্টাচার্য সহ দলের অন্যান্য কার্যকর্তাগণ।

*****************************

**Jhulan Yatra Festival :**

আজ থেকে ভগবান শ্রী রাধাকৃষ্ণের ঝুলন যাত্রা উৎসব শুরু হয়েছে। আগামী সোমবার রাখী পূর্ণিমার মধ্যে দিয়ে শেষ হবে এই উৎসব। এ উপলক্ষে আগরতলার জগন্নাথ জিউ মন্দির, ইসকন মন্দির, সেন্ট্রাল রোডের শিববাড়িস্থিত রাধামাধব মন্দিরে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

****************************

**Primary Education-Workshop :**

বুনিয়াদী শিক্ষা অধিকারের প্রি-প্রাইমারী শাখার উদ্যোগে আজ থেকে আগরতলার শিশু বিহার স্কুলে দু-দিন ব্যাপি কর্মশালা শুরু হয়েছে। কর্মশালায় বিষয়বস্তু হল "জাতীয় শিক্ষানীতির প্রেক্ষাপটে শিক্ষা ক্ষেত্রে পাপেট্রির ভূমিকা"। পশ্চিম জেলা, সিপাহিজলা, খোয়াই এবং গোমতী জেলা থেকে ১০০ জন শিক্ষক-শিক্ষিকা এবং ব্লক রিসোর্স পার্সন এই কর্মশালায় যোগ দেন। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিদ্যালয় শিক্ষা অধিকর্তা এন সি শর্মা, বুনিয়াদী শিক্ষার যুগ্ম অধিকর্তা হর্ষিতা বিশ্বাস, নিপুন ত্রিপুরা শাখার ব্রাঞ্চ অফিসার অভিজিৎ সমাজপতি।

****************************

**Teacher's Training-KAILASHAHAR :**

ঊনকোটি জেলার এগারোটি C.B.S.E অনুমোদিত বিদ্যালয়গুলির শিক্ষক-শিক্ষিকাদের দু'দিনের প্রশিক্ষণপর্ব আজ থেকে কৈলাশহরে শুরু হয়েছে। কৈলাশহরের নেতাজি বিদ্যাপীঠ ইংরেজি মাধ্যম বিদ্যালয়ে ঊনকোটি জেলাভিত্তিক এই কর্মসূচিতে ষাটজন শিক্ষক-শিক্ষিকা অংশ নিয়েছেন। C.B.S.E অনুমোদিত বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের পাঠদান করার জন্য শিক্ষক-শিক্ষিকাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এই প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন। ঊনকোটি জেলার জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার জানান, C.B.S.E অনুমোদিত বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের বছরে পঞ্চাশ ঘন্টা প্রশিক্ষণ নিতে হয়। অফ-লাইনে প্রশিক্ষণের লক্ষ্যে কৈলাশহরে এই প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন।

******************************

**Rohinga Arrest :**

আজ সকালে আগরতলা রেলস্টেশন থেকে তিনজন রোহিঙ্গা গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃতরা সবাই বাংলাদেশের কক্সবাজারের বিভিন্ন শরণার্থী ক্যাম্প থেকে আগরতলায় এসেছে বলে পুলিশ জানিয়েছে।

****************************

**Amrit Udyan :**

রাষ্ট্রপতি ভবনের অমৃত উদ্যান সর্বসাধারণের জন্য আজ থেকে খুলে দেওয়া হয়েছে। জনসাধারণের দর্শনের জন্য আগামী ১৫ই সেপ্টেম্বর পর্যন্ত উন্মুক্ত থাকবে অমৃত উদ্যান। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গত বুধবার রাষ্ট্রপতি ভবনে বার্ষিক গ্রীষ্মকালীন অমৃত

উদ্যানের সূচনা করেছেন। দর্শকরা এই উদ্যান থেকে পরিবেশবান্ধব বিভিন্ন স্মারকও সংগ্রহ করতে পারবেন।

****************************

**National Film Awards :**

নতুনদিল্লিতে ২০২২ সালের ৭০তম জাতীয় চলচ্চিত্র পুরস্কার ঘোষণা করা হয়েছে। নন-ফিচার ফিল্ম বিভাগে, আয়না সেরা ছবির পুরস্কার জিতেছে। ফিচার ফিল্ম বিভাগে সেরা হিন্দি ছবির পুরস্কার জিতেছে গুলমোহর।

ঋষভ শেঠি তার কন্নড় ছবি কান্তারার জন্য সেরা অভিনেতার পুরস্কার জিতেছেন। হরিয়ানভি ফিল্ম ফৌজা নন-ফিচার ফিল্ম বিভাগে সেরা গানের পুরস্কার জিতেছে। সেরা গায়কের পুরস্কার পেয়েছেন অরিজিৎ সিং।

****************************

**Assembly Poll-J&K :**

নির্বাচন কমিশন আজ জম্মু ও কাশ্মীরে বিধানসভা নির্বাচনের নির্ঘন্ট ঘোষণা করেছে। ভোট গ্রহণ করা হবে তিন দফায়। প্রথম দফার ভোট হবে ১৮ই সেপ্টেম্বর, দ্বিতীয় দফা ২৫শে সেপ্টেম্বর এবং পয়লা অক্টোবর তৃতীয় দফার ভোট। ফল ঘোষণা চৌঠা অক্টোবর। আজ বিকেলে মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার ভোটের এই নির্ঘন্ট ঘোষণা করেন।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর জেলার কিছু স্থানে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া খোয়াই, ঊনকোটি এবং ধলাই জেলাতেও ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ছাব্বিশ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে।

***************************